

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**  
 কমিশনারের কার্যালয়  
 কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা  
 প্লট # ২ ও ৪, লাক-এ, রোড নং-১, মিরপুর-১১, ঢাকা-১২১৬  
[www.vatdhakawest.gov.bd](http://www.vatdhakawest.gov.bd)

নথি নং- ০৮.০১.২৬৪৮.১০৭.২৪.৬১৫.২৪/

তারিখঃ...../...../২০২৪ খ্রিস্টাব্দ

### অফিস স্মারক

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা-এর অধিক্ষেত্রাধীন এবি.আর স্পিনিং মিলস লিঃ (বিআইএন-০০০১৪০৬৯৩-০৮০৬), গোড়াই, মিনিনগর, মির্জাপুর, টাঙ্গাইল-১৯৪১ নামীয় প্রতিষ্ঠানটি ১০০% রাষ্ট্রনিকারক প্রতিষ্ঠান। যার ট্রেড লাইসেন্স নং- TRAD/DSCC/224659/2019, তারিখঃ ০৬/০৭/২০২৪ খ্রিঃ। উক্ত প্রতিষ্ঠানটি শুধুমাত্র রাষ্ট্রনি কার্যে ব্যবহৃত বিদ্যুৎ ও গ্যাস বিলের উপর হতে নির্ধারিত মূসক পরিশোধ হতে শতভাগ অব্যাহতিপ্রাপ্ত বিদ্যুৎ মিটার নং- ০৯০০০৭৬৮ ও গ্যাস মিটার নং- ০৮৩০৫৮০৮ এর বিপরীতে অব্যাহতি সুবিধা প্রদানের আবেদন করেন। আবেদন পর্যালোচনায় গঠিত কমিটির পরিদর্শন প্রতিবেদনের সুপারিশের আলোকে অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এর এস.আর.ও নং-১৮৮-আইন/২০১৯/৪৫-মূসক, তারিখঃ ১৩/০৬/২০১৯ এবং জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯ তারিখঃ ২৬/০৯/২০১৯ মোতাবেক উক্ত প্রতিষ্ঠানের ব্যবহৃত বিদ্যুৎ ও গ্যাস বিলের বিপরীতে নির্ধারিত মূল্য সংযোজন কর (মূসক) নিম্নে উল্লিখিত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করা হলোঃ

প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও বিন	অব্যাহতিপ্রাপ্ত পণ্য/সেবা	সংশ্লিষ্ট কোড	পণ্য উৎপাদনকার্যে ব্যবহৃত মিটার নম্বর	অব্যাহতির হার
(১)	(২)	(৩)	(৪)	(৫)
এবি.আর স্পিনিং মিলস লিঃ গোড়াই, মিনিনগর, মির্জাপুর, টাঙ্গাইল (বিআইএন- ০০০১৪০৬৯৩-০৮০৬)	বিদ্যুৎ	৫০৫৭.০০	০৯০০০৭৬৮	১০০%
	প্রাকৃতিক গ্যাস	২৭১১.২১.০০	০৮৩০৫৮০৮	১০০%

#### ০২। শর্তসমূহ:

- কোনো ক্ষেত্রেই রাষ্ট্রনিকারক প্রতিষ্ঠানের কারখানা বা উৎপাদনস্থল ভিন্ন কোন অফিসে ব্যবহৃত সেবার ক্ষেত্রে মূসক অব্যাহতি প্রযোজ্য হবে না;
- একই মিটার যদি একাধিক প্রতিষ্ঠান ব্যবহার করে যার প্রত্যেকটি প্রতিষ্ঠান রাষ্ট্রনি পণ্য উৎপাদন করেনা, তা হলে বিদ্যুৎ ও প্রাকৃতিক গ্যাস বিলের উপর প্রযোজ্য মূসক পরিশোধ করতে হবে। অর্থাৎ এ ক্ষেত্রে মূসক অব্যাহতি প্রযোজ্য হবে না;
- মূসক অব্যাহতির সুবিধাভোগী প্রতিষ্ঠান প্রতি কর মেয়াদের মূসক দাখিলপত্রের (ফরম মূসক-৯.১) সাথে এরূপে অব্যাহতি প্রদত্ত মূসক সংশ্লিষ্ট তথ্য উল্লিখিত সাধারণ আদেশের পরিশিষ্ট-ক এ বর্ণিত ছকে বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসনের প্রমাণপত্র Proceeds Realization Certificate (PRC) সহ করমেয়াদ পরবর্তী মাসের ১৫ (পনের) তারিখের মধ্যে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, টাঙ্গাইল সার্কেল-২, টাঙ্গাইলে দাখিল করবেন;
- মূসক অব্যাহতি সুবিধাভোগী প্রতিষ্ঠানের ক্ষেত্রে তথ্য যাচাইপূর্বক বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসন বিষয়ে বা অন্য কোন বিষয়ে অসামঞ্জস্যতা পাওয়া গেলে আইনানুগ পছায় অব্যাহতি সুবিধা বাতিল করা হবে; এবং

- আলোচ্য মূসক অব্যাহতি সুবিধা জুলাই/২০২৪ খ্রিস্টাব্দ মাস হতে বিদ্যুৎ মিটার নং- ০৯০০০৭৬৮ ও গ্যাস মিটার নং- ০৮৩০৫৫৮০৮ এর বিপরীতে পরিশোধযোগ্য বিদ্যুৎ ও গ্যাস বিলের জন্য প্রযোজ্য হবে।

ঃ

মুহাম্মদ রাশেদুল আলম  
কমিশনার

### ব্যবস্থাপনা পরিচালক

এবি.আর স্পিনিং মিলস লিঃ  
গোড়াই, মুনিনগর, মির্জাপুর, টাঙ্গাইল-১৯৪১  
(বিআইএন- ০০০১৪০৬৯৩-০৮০৬)

নথি নং- ০৮.০১.২৬৪৮.১০৭.২৪.৬১৫.২৪/১৪৮-২/১৪

তারিখঃ ০৭...../০৯/২০২৪ খ্রিস্টাব্দ

### অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো :

- দ্বিতীয় সচিব (মূসক পরিঃ ও প্রত্যাপণ), জাতীয় রাজস্ব বোর্ড, শেরে বাংলানগর, আগারগাঁও, ঢাকা।
- চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯।
- ব্যবস্থাপনা পরিচালক, তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোং লিঃ, ১০৫, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা।
- জেনারেল ম্যানেজার, গোড়াই জোনাল অফিস, টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি, টাঙ্গাইল।
- ব্যবস্থাপক, তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোং লিঃ, নগর জলফৈ, টাঙ্গাইল রোড, টাঙ্গাইল।
- বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, টাঙ্গাইল বিভাগ, ঢাকা [তাঁকে জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯ তারিখঃ ২৬/০৯/২০১৯খ্রিঃ এ মোতাবেক কার্যক্রম গ্রহণপূর্বক প্রতি করমেয়াদের পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে এ দণ্ডের প্রতিবেদন প্রেরণ ও প্রতিষ্ঠানটির কার্যক্রমের প্রতি বিশেষ নজর রাখার জন্য বলা হলো ]
- রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, টাঙ্গাইল সার্কেল-২, টাঙ্গাইল। [তাঁকে প্রতিষ্ঠানটির রপ্তানী কার্যক্রম মনিটরিং করে সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯ তারিখঃ ২৬/০৯/২০১৯ খ্রিঃ এর পরিশিষ্ট-খ মোতাবেক প্রতিবেদন যথাসময়ে বিভাগীয় দণ্ডের প্রেরণ করার জন্য বলা হলো। প্রয়োজনীয় মনিটরিং এর ব্যর্থতার জন্য রাজস্ব কর্মকর্তা ও এলাকা কর্মকর্তা দায়ী থাকবেন ]

০৭/০৯/২০২৪

মন্তব্য উদ্দিন আহমেদ  
সহকারী কমিশনার (চাংদাঃ)  
কমিশনারের পক্ষে